গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০১৮.২২ (অংশ-১)-**৬৪২**

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

**বিষয়: "পৌরসভায় পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় শেরপুর পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের আবাসিক ভবন নির্মাণের প্রস্তাবিত ভূমি ব্যবহারের প্রশাসনিক অনুমোদনের ব্যাখ্যা প্রদান।**

সূত্র: শেরপুর পৌরসভা, বগুড়া এর স্মারক নং-৪৫, তারিখ: ১৬/০২/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ০২/০৫/২০২৩ তারিখের ৬৭৯ নং স্মারকে বগুড়া জেলার শেরপুর পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে জেলা: বগুড়া, উপজেলা: শেরপুর, জে এল নং-১০৯, খতিয়ান নং- ৩২০২, দাগ নং-৩৩৯০, শ্রেণী: ভিটা, ভূমির পরিমাণ: ০.৬৮৭৫ একর ভূমি ব্যবহারের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয় (কপি সংযুক্ত)। বর্ণিত পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণের জন্য একই তফসিলভুক্ত ভূমি ব্যবহারের অনুমোদনের জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বগুড়া জেলার শেরপুর পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের আবাসিক ভবন নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদনের পর কেন একই তফসিলভুক্ত ভূমি ব্যবহারের অনুমোদনের জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করা হলো সে বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/০৮/২০২৬
মো: সগীর হোসেন
যুগ্মসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল-lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
শেরপুর পৌরসভা, বগুড়া

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ;
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।